

উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম

শুভ উদ্বোধন করেন


শেখ হাসিনা

মাননীয় প্রধানমন্ত্রী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৬ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ

১১ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ



স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থায় উপজেলা পরিষদ স্থানীয় জনগণের কাছে সরকারের সেবাগুলো পৌঁছে দেয়। শক্তিশালী স্থানীয় সরকার ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরিকল্পিত উন্নয়ন ও সুশাসন নিশ্চিত করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমান সরকার স্থানীয় সরকারের প্রাতিষ্ঠানিক ক্ষমতাসহ উপজেলা পরিষদের অবকাঠামোগত সুবিধাদি সম্প্রসারণের মাধ্যমে স্থানীয় জনগণের সেবা প্রাপ্তির বিষয়টি সহজতর করার লক্ষ্যে ২০১১ সালে উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্পটি গ্রহণ করে। গত ২৯ মার্চ ২০১১ তারিখের একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকল্পটি অনুমোদন করেন।

নবসৃষ্ট ৩০ টি উপজেলায় বর্তমান সময়ের সঙ্গে সামঞ্জস্য রেখে ৪০,০০০ বর্গফুট আয়তনের অফিস স্পেসের সংস্থান করা হলেও অবশিষ্ট ৪৫৯ টি উপজেলায় এই আয়তনের সুবিধাদি ছিল না। এ কারণে সরকার উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ প্রকল্প গ্রহণ করে। এর আওতায় ২৩৩ টি উপজেলা কমপ্লেক্স নির্মাণ ও সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পর্যন্ত ১০৭ টি ভবন নির্মাণ কাজ শেষ হয়েছে। ২০২০ সালের জুন মাসে অবশিষ্ট কাজ সমাপ্ত হবে।

ছয় তলা ভিত্তি বিশিষ্ট ৪ তলার প্রতিটি প্রশাসনিক ভবনের আয়তন ১৭ হাজার বর্গফুট। বহুমুখী ব্যবহার উপযোগী ৪ হাজার বর্গফুটের একটি সুসজ্জিত হল রুম পৃথকভাবে নির্মাণ করা হয়েছে। এসব ভবনে মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনা অনুযায়ী বৃষ্টির পানি সংরক্ষণ ও তার ব্যবহার এবং সৌর বিদ্যুৎ ব্যবহারের প্রযুক্তি সংযোজন করা হয়েছে। স্থানীয় পর্যায়ে জনগণের কাছে প্রয়োজনীয় সেবা পৌঁছে দিতেই এসব অবকাঠামো নির্মাণ করা হয়েছে।

তথ্য কণিকা

প্রকল্পের নাম	: উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প
প্রকল্পটি অনুমোদন	: গত ২৯ মার্চ ২০১১ একনেক সভায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রকল্পটি অনুমোদন করেন
অর্থায়ন	: বাংলাদেশ সরকার
বাস্তবায়নকারী সংস্থা	: স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
মূলভবন	: ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৪ তলা কংক্রিট ফ্রেমস্ট্রাকচার ভবন - আয়তন: প্রতি ফ্লোর ৪২৫০ বর্গফুট, মোট ১৭,০০০ বর্গফুট
হলরুম	: ১ তলা ভবন, আয়তন ৪,০০০ বর্গফুট
অন্যান্য বৈশিষ্ট	: বৃষ্টির পানি সংরক্ষণ ও তা ব্যবহারের ব্যবস্থা - সৌর বিদ্যুৎ ব্যবস্থা

ডোমার উপজেলা

নীলফামারী জেলার ডোমার উপজেলার আয়তন ২৫১.০০ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ১০টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ২,৪৯,৪২৯ জন। এখানে ২৫.৪৭ একর জমির উপর ৩,২৬,৩৭,২৫৮.০০ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

আত্রাই উপজেলা

নওগাঁ জেলার আত্রাই উপজেলার আয়তন ২৮৪.১৮ বর্গ কিলোমিটার। ০৮টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ২,০০,৬৩৪ জন। এখানে ১৭ একর জমির উপর ৩,৩৯,৯২,৭৫৪.০০ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

রাণীনগর উপজেলা

নওগাঁ জেলার রাণীনগর উপজেলার আয়তন ২৫৮.৩২ বর্গ কিলোমিটার। ১১টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ১,৮৪,৭৭৮ জন। এখানে ১২ একর জমির উপর ৪,৩৫,২০,৪৯৩.৭৪ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

সিংড়া উপজেলা

নাটোর জেলার সিংড়া উপজেলার আয়তন ৫২৮.৪৬৫ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ১২টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ৩,৮১,২৮২ জন। এখানে ২০.৪৪ একর জমির উপর ৪,২২,৮১,৬৪৫.৭২ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

তাড়াশ উপজেলা

সিরাজগঞ্জ জেলার তাড়াশ উপজেলার আয়তন ২৯৭.২০ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ০৮টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ১,৯৫,৯৬৪ জন। এখানে ১৩.৯০ একর জমির উপর ৫,১১,১৪,১৭৯.৭০ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

কিশোরগঞ্জ সদর উপজেলা

কিশোরগঞ্জ সদর উপজেলার আয়তন ১৯৩.৭২ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ১১টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ৪,১৪,২০৮ জন। এখানে ৩.১২ একর জমির উপর ৪,৪২,০০,৬২৬.৬০ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

সাঁটুরিয়া উপজেলা

মানিকগঞ্জ জেলার সাঁটুরিয়া উপজেলার আয়তন ১৪০.১০ বর্গ কিলোমিটার। ০৯টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ১,৮৬,৩২৭ জন। এখানে ৪.৮৮ একর জমির উপর ৪,৬২,৬৬,৫৪৬.০৭ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

শার্শা উপজেলা

যশোর জেলার শার্শা উপজেলার আয়তন ৩৩৬.৪২ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ১১টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ৩,৪১,৩২৮ জন। এখানে ১২.৯৩ একর জমির উপর ৪,২০,৭৬,৩৮১.০০ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

নোয়াখালী সদর উপজেলা

নোয়াখালী সদর উপজেলা আয়তন ৩৩৬.২১ বর্গ কিলোমিটার। ০১টি পৌরসভা এবং ১৩টি ইউনিয়নের এ উপজেলার মোট জনসংখ্যা ৫,২৫,৯৩৪ জন। এখানে ৪.৮৮ একর জমির উপর ৪,৩৫,৬০,৩৫২.২৪ টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কমপ্লেক্সের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা হয়েছে।

